বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর
প্রশাসন শাখা
২৫ নিউ ইস্কাটন,ঢাকা-১০০০
www.ocei.gov.bd

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩
০৭ সেপ্টেম্বর ২০২৬

**নম্বর:** ২৭.০১.০০০০.০০০.০০১.০১.০০২০.২২.১৯৫

**নিয়োগপত্র**

প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের রাজস্ব খাতভুক্ত ''অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক'' পদে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর টাকা ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) বেতনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে বর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

| ক্রমিক নং | রোল | প্রার্থীর নাম<br>পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|
| ১. | ১২০০৪২৫ | এস এম জুয়েল রানা<br>পিতাঃ এসএম মানিক<br>মাতাঃ রুবিয়া বেগম | গ্রামঃ ছোট বোয়ালী, ডাকঘরঃ শিবালয়, থানাঃ শিবালয়, জেলাঃ মানিকগঞ্জ। |

**নিয়োগের শর্তাবলি:**
(ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে। যোগদানের সময় সকল সনদের মূলকপি ও জাতীয় পরিচয়পত্র প্রদর্শন করতে হবে এবং ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ও সকল সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;
(খ) চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরি অবসান ঘটাতে পারবে;
(গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ থেকে ২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃকপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবে;
(ঘ) যোগদানের সময় এ নিয়োগপত্রের কপি প্রদর্শনপূর্বক দাখিল করতে হবে;
(ঙ) চাকরিতে তাদের জ্যেষ্ঠতা বিদ্যমান বিধি মোতাবেক নির্ধারিত হবে;
(চ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য সনদ এবং ডোপ টেস্ট রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;
(ছ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যে কোনো বিষয় প্রচলিত আইন ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
(জ) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;
০২। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৫ সেপ্টেম্বর ২০২৬ তারিখ প্রধান বিদ্যুৎ পরিদর্শক, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর, ২৫ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০ বরাবর উপস্থিত হয়ে যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

০৭-০৯-২০২৬
মোঃ আনোয়ারুল ইসলাম
প্রধান বিদ্যুৎ পরিদর্শক
ফোন : ৫৮৩১৫২১১
ইমেইল : eadvisor@pd.gov.bd

নম্বর: ২৭.০১.০০০০.০০০.০০১.০১.০০২০.২২.১৯৫/১ (৯)

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩
০৭ সেপ্টেম্বর ২০২৬

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ।
২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, বিদ্যুৎ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৩। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, ঢাকা/মানিকগঞ্জ।
৪। উপপ্রধান বিদ্যুৎ পরিদর্শক, প্রশাসন শাখা, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর।
৫। সহকারী পরিচালক (প্রশাসন), প্রশাসন শাখা, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর।
৬। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহকারে)।
৭। হিসাব রক্ষক, হিসাব শাখা, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর।
৮। এস এম জুয়েল রানা, পিতা: এসএম মানিক, গ্রাম: ছোট বোয়ালী, ডাকঘর: শিবালয়, থানাঃ শিবালয়, জেলাঃ মানিকগঞ্জ।
৯। অফিস কপি।

০৭-০৯-২০২৬
মোঃ আনোয়ারুল ইসলাম
প্রধান বিদ্যুৎ পরিদর্শক